



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ ১৭০

তারিখ : ০৬/০৩/২০১৫খ্রি.

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- , তারিখ : ০৫/০২/২০১৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাচ্ছি যে, আবুল হোসেন খান কলেজ, ডাক: কৃষ্ণকাঠী, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে মানবিক শাখায় শিক্ষার্থী বৃদ্ধির শর্তে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহ নিয়ে ০১/০৭/২০১৪ থেকে ৩০/০৬/২০১৬ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা	বিষয়
১। আবশ্যিক বিষয়	: বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল শাখার জন্য)
২। নৈর্ব্যচনিক বিষয়	
ক) মানবিক শাখা	: পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা, সমাজকর্ম, সমাজ বিজ্ঞান
খ) সকল শাখার জন্য	: কৃষি শিক্ষা

* ব্যবসায় শিক্ষা শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী না থাকার কারণে এ শাখার স্বীকৃতি স্থগিত রাখা হলো।

* বিজ্ঞান শাখার স্বীকৃতি ২৮/০৫/২০১৪ তারিখের আদেশ বলে স্থগিত আদেশ পুনরায় বহাল রাখা হলো।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০২। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে
- ০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৮। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ০৯। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

০৩. ০৬. ১৫
ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬

gmail : drliaquate@gmail.com

অধ্যক্ষ

আবুল হোসেন খান কলেজ

ডাক: কৃষ্ণকাঠী, উপজেলা: বাকেরগঞ্জ

জেলা: বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো

৪। সংরক্ষণ নথি